যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৪৮৬

১/ বিবিধ

আরবী

ما من أهل بيت يموت منهم ميت فيتصدقون عنه بعد موته إلا أهداها له جبريل عليه السلام على طبق نور، ثم يقف على شفير القبر فيقول: يا صاحب القبر العميق: هذه هدية أهداها إليك أهلك فاقبلها، فيدخل عليه فيفرح بها ويستبشر، ويحزن جيرانه الذين لا يهدى إليهم شيء

موضوع

رواه الطبراني في " المعجم الأوسط " (1 / 95 / 2 ـ من زوائد المعجمين)

حدثنا محمد بن داود بن أسلم الصدفي، حدثنا الحسن بن داود بن محمد المنكدري، حدثنا محمد بن إسماعيل بن أبي فديك سمعت أبا محمد الشامي يحدث أنه سمع أبا هريرة أنه سمع أنس بن مالك يقول.... فذكره مرفوعا، وقال

لا يروي عن أنس إلا بهذا الإسناد، تفرد به محمد بن إسماعيل

قلت: وهو صدوق من رجال الشيخين، وإنما آفة الحديث من شيخه أبي محمد الشامي قال الذهبي: روى حديثا عن بعض التابعين منكرا، قال الأزدي: كذاب

وكذا في " اللسان "، وكأنهما أرادا بالحديث المنكر هذا، وقال الهيثمي في " المجمع " (3 / 139) : رواه الطبراني في الأوسط وفيه أبو محمد الشامي، قال عنه الأزدي: كذاب

বাংলা

৪৮৬। আহলে বাইতের কোন ব্যক্তি মৃত্যুবরণ করার পরে তারা তার পক্ষ হতে সাদাকা করলে অবশ্যই জিবরীল (আঃ) তা তাকে নূরের পাত্রে দান করবেন। অতঃপর গভীর কবরের পাশে দাঁড়িয়ে বলবেন হে কবরবাসী! এ তোমার হাদিয়া তোমার জন্য তোমার পরিবার দান করেছে। অতএব তুমি তা গ্রহণ কর। সে তাতে প্রবেশ করবে এবং তার দ্বারা আনন্দিত হবে, সুসংবাদ গ্রহণ করবে। কিন্তু তার প্রতিবেশীরা চিন্তিত হবে তাদের নিকট কোন হাদিয়া প্রেরিত না হওয়ায়।

হাদীসটি জাল।

এটি তাবারানী “মুজামুল আওসাত” গ্রন্থে (১/৯৫/২) বর্ণনা করেছেন। যার সনদে মুহাম্মদ ইবনু ইসমাঈল ইবনু আবু ফুদায়েক রয়েছেন। তিনি আবু মুহাম্মাদ শামী হতে ... শুনেছেন।

আমি (আলবানী) বলছিঃ তিনি (মুহাম্মদ) হচ্ছেন সত্যবাদী শাইখায়নের বর্ণনাকারী। এ হাদীসটির সমস্যা হচ্ছে তার শাইখ আবু মুহাম্মাদ শামী। যাহাবী বলেনঃ তিনি কোন কোন তাবেঈ হতে মুনকার হাদীস বর্ণনা করেছেন। আযদী বলেনঃ তিনি মিথ্যুক। অনুরূপ কথা “লিসানুল মীযান” গ্রন্থেও এসেছে।

সম্ভবত তারা দু’জনে মুনকার হাদীস দ্বারা এ হাদীসটিকেই বুঝিয়েছেন। হায়সামী "আল-মাজমা" গ্রন্থে (৩/১৩৯) বলেনঃ ... হাদীসটির সনদে আবু মুহাম্মাদ আশ-শামী রয়েছেন। তার সম্পর্কে আযদী বলেনঃ তিনি মিথ্যুক।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=68071

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন